

গোল্ডেন জিপিএ-৫ পেয়েও নামি কলেজে ভর্তি হতে পারছে না অনেক শিক্ষার্থী

নিজস্ব বার্তা পরিবেশক

গোল্ডেন জিপিএ-৫ পেয়েও অনেক শিক্ষার্থী রাজধানীর নামিদামি কলেজগুলোতে ভর্তির সুযোগ পায় না। ২০০৮ সালের এসএসসি পরীক্ষায় রেকর্ড পরিমাণ জিপিএ-৫ প্রাপ্তি তুলনায় রাজধানীর সেরা কলেজগুলোতে আসন সংখ্যা কম থাকায় এ সমস্যার সৃষ্টি হচ্ছে। তারপরও চলতি বছর একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম শুরু হওয়ার পর মেধাবী শিক্ষার্থীর সেরা কলেজে নিজেদের একটি আসন নিশ্চিত করতে দৌড়ঝাপ শুরু করেছে। শিক্ষার্থীদের পাশাপাশি এই নিয়ে অভিভাবকরাও উদ্বিগ্ন হয়ে পড়েছে।

বোর্ড সূত্র জানায়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষাবোর্ডসহ মোট ৯টি শিক্ষা বোর্ডে এবার

জিপিএ-৫ পেয়েছে ৫২ হাজার ৫শ' শিক্ষার্থী। ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৪১ হাজার ৯১৭ জন। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডেই জিপিএ-৫ প্রাপ্ত ছাত্রছাত্রীদের সংখ্যা প্রায় ১৯ হাজার। আর ঢাকা শহুরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে জিপিএ-৫ প্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা ১০ হাজার ৮৫৭ জন। কিন্তু রাজধানীর নামিদামি কলেজগুলোতে আসন রয়েছে মাত্র ২৫ হাজারের মতো। ঢাকা বোর্ড ছাড়াও দেশের অন্যান্য শিক্ষাবোর্ড থেকে প্রতি বছরই রাজধানীর সেরা কলেজগুলোতে মেধাবী শিক্ষার্থীরা ভর্তির জন্য ভিড় জমায়। তাছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষাবোর্ড থেকে পান করেও অনেক মেধাবী শিক্ষার্থী নামিদামি কলেজগুলোতে ভর্তি হতে পারছে না।

ভর্তি : হতে পারছে না

(১২ পৃষ্ঠার পর)

শিক্ষা ব্যবস্থায় শিক্ষা নিতে আগ্রহী হয়ে ওঠে। ফলে চাপ পড়ে রাজধানীর সেরা কলেজগুলোর ওপর। এবার এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ এবং সার্বিক পাসের হার রেকর্ড পরিমাণ বৃদ্ধি পাওয়ায় নামিদামি কলেজে ভর্তি হওয়া ছাত্র ছাত্রীদের কাছে সোনার স্রিণের মতো হয়ে উঠেছে।

সূত্র মতে, রাজধানীর নটর ডেম কলেজ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ডিকার্লননিসা নুন স্কুল এন্ড কলেজ, ঢাকা কমার্স কলেজ, সিটি কলেজ ও ঢাকা কলেজের মতো সরকারি বেসরকারি নামিদামি কলেজগুলোতে ইতোমধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। এর মধ্যে নটর ডেম কলেজে আবেদন করা শিক্ষার্থীদের বাতাই করে যোগ্যতাসম্পন্ন ছাত্রছাত্রীদের তালিকা প্রকাশ করা হয়েছে। মেয়েদের সেরা শিক্ষাপ্রতিষ্ঠান ডিকার্লননিসা নুন স্কুল এন্ড কলেজে গত ১১ জুলাই পর্যন্ত ভর্তি চরম বিতরণ ও জমা নেয়া হয়েছে। এ কলেজে নিজেদের স্কুল পাঠায় পান করা সব ছাত্রছাত্রীকে ভর্তির পর অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে আসা ১০০ ছাত্রছাত্রী ভর্তি করা হবে এ কলেজে। মতামত কলেজে গত ১৫ জুলাই পর্যন্ত চরম বিতরণ এবং জমা নেয়া শেষ হয়েছে। উপরনিকে ঢাকা সিটি কলেজে গত শনিবার পর্যন্ত চরম বিতরণ ও জমা নেয়া হয়েছে। তবে এখনও বিভিন্ন সরকারি বেসরকারি কলেজে ভর্তি চরম বিতরণ ও জমা নেয়া হচ্ছে। খেঁজ নিয়ে জানা যায়, এসব নামিদামি কলেজে আসনের তুলনায় ও থেকে ৪ ৪৭ বেশি ভর্তি চরম সংগ্রহ করেছে মেধাবী ছাত্র ছাত্রীরা। সরকারি সিদ্ধান্ত মোতাবেক আসনের তুলনায় যোগ্যতাসম্পন্ন ভর্তি প্রার্থীদের সংখ্যা বেশি হলে সেখানে জন্ম তারিখ অনুযায়ী (আবেদনকারীদের মধ্যে যাদের বয়স বেশি) ক্রমাগতই এসব প্রার্থীকে ভর্তির সুযোগ দেয়া হবে। ফলে গোল্ডেন জিপিএ-৫ পাওয়া অনেক শিক্ষার্থী যোগ্যতা থাকা সত্ত্বেও তার কার্যকর কলেজে ভর্তি হতে ব্যর্থ হতে পারে।

এদিকে রাজধানীর সেরা কলেজগুলোতে ভর্তির জন্য তুমুল প্রতিযোগিতা শুরু হলেও রাজধানীতেই অবস্থিত এক ধরনের সরকারি বেসরকারি কলেজে ভর্তির জন্য প্রয়োজনীয় শিক্ষার্থী পাচ্ছে না বলে জানা গেছে। ফলে এসব শিক্ষা প্রতিষ্ঠান ছাত্রছাত্রীদের থাকা থাকে ফ্রিসহ নানা অফার করা হচ্ছে বলে সূত্র জানায়।